**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জানিয়েছেন, ত্রিপুরার স্থায়ী বাসিন্দা সেনাবাহিনী ও সি.এ.পি.এফ জওয়ানদের অবিবাহিত এবং নির্ভরশীল ১৮ বছরের বেশি বয়সী কন্যা-পুত্রদের সামাজিক পেনশন প্রদান করা হবে।**

**(২) আজ ১৯শে মে ভাষা শহিদ দিবসে রাজ্যেও শহীদদের শ্রদ্ধাঞ্জলী ।**

**(৩) কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহানের পৌরহিত্যে আজ বিভিন্ন রাজ্যের কৃষি মন্ত্রীদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক হয় ।**

**(৪) আগরতলার বাধারঘাটের অরিত্র রায় মাউন্ট এভারেস্টে আরোহন করে রাজ্যে নজির স্থাপন করেছেন।**

***********************************

**CM-State Sainik Board Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জানিয়েছেন, ত্রিপুরার স্থায়ী বাসিন্দা সেনাবাহিনী ও সি.এ.পি.এফ জওয়ানদের অবিবাহিত এবং নির্ভরশীল ১৮ বছরের বেশি বয়সী কন্যা-পুত্রদের সামাজিক পেনশন প্রদান করা হবে। চলতি অর্থবছরের বাজেটে এই প্রকল্পের জন্য ২ কোটি ৪০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। আজ সচিবালয়ের রাজ্য সৈনিক বোর্ডের ২৯তম সভায় মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, রাজ্যে ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পে, স্টার্ট আপ, প্রাণীসম্পদ, মৎস্য ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে যেসকল উদ্যোগী প্রাক্তন সৈনিক কাজ করতে আগ্রহ প্রকাশ করছেন তাদের তালিকা সহ সম্পূর্ণ তথ্য প্রদান করার জন্য সৈনিক কল্যাণ অধিদপ্তরের অধিকর্তাকে বলে হয়েছে। তিনি আরো বলেন, প্রাক্তন সৈনিক ও তাদের উপর

নির্ভরশীলদের তথ্য ও প্রযুক্তি, টি.সি.এস, টি.পি.এস.সি. পরীক্ষায় প্রস্তুতির জন্য প্রয়োজনীয় কোচিং-এর ব্যবস্থা করার উদ্যোগ নেওয়া হবে।

সভায় রাজ্যের সৈনিকদের গ্যালান্ট্রি ও সার্ভিস অ্যাওয়ার্ড-এর পুরস্কারের মূল্য বৃদ্ধি করা, যুদ্ধে বা সংঘর্ষে মৃত বা শারীরিকভাবে অক্ষম হওয়া রাজ্যের প্রতিরক্ষা জওয়ানদের জন্য এককালীন এক্স-গ্রেসিয়া গ্রান্ট বৃদ্ধি করা, প্রাক্তন সৈনিকদের পুর করে ছাড় প্রদান, রাজ্য সরকারের চাকরিতে প্রাক্তন সৈনিকদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা বৃদ্ধি করা ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়।

****************************

**Matribhasa Diwas :**

আজ ১৯শে মে ভাষা শহিদ দিবস। ১৯৬১ সালে এই দিনে আসামের শিলচর শহরে বাংলা ভাষাকে সরকারী ভাষার স্বীকৃতি দেওয়ার দাবিতে আন্দোলনরত ১১ জন মৃত্যু বরণ করেন। এই দিনটির স্মরনে শিলচরে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আগরতলায় মৈত্রী সংসদের উদ্যোগে বিকেলে রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গনে এক শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এদিকে, আমরা বাঙ্গালী দলের তরফে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আগরতলায় দলীয় কার্যালয়ে এই উপলক্ষে আজ এক অনুষ্ঠানে ভাষা শহিদদের স্মরন করেন দলের নেতা কর্মীরা।

আজ ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে মাতৃভাষা সুরক্ষা দিবস পালন করা হয়েছে। উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রমুখ।

*************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলা পূর্ব চানমারি এলাকায় মর্মান্তিক ঘটনায় নিহত দুই শিশুর পরিবারকে ৮ লক্ষ টাকার আর্থিক

সহায়তা প্রদান করেন। তিনি নিহত দুই সন্তানের মা বাবাকে সমবেদনা জানান। উপস্থিত ছিলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী।

****************************

**Sun Flowers Pakage Story :**

রাজ্যে সূর্যমুখী ফুলের চাষের প্রসার ঘটানো এবং একইসাথে সূর্যমুখী তৈল বীজ ও ভোজ্য তেলের উৎপাদন করার লক্ষ্যে প্রথম বারের মতো রাজ্যে পরীক্ষামূলক ভাবে শুরু হয়েছে সূর্যমুখী ফুলের চাষ। চড়িলাম ব্লকে শুরু হওয়া এই চাষ নিয়েই এবারে শুনুন সিপাহীজলা জেলা প্রতিনিধি অভিজিৎ বর্ধনের একটি প্রতিবেদন।

##########VC#########

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*******************************

**Union Minister Shivraj Singh Chouhan :**

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে, দেশব্যাপী, "বিকশিত কৃষি সংকল্প অভিযান", এই মাসের ২৯ তারিখ থেকে শুরু হবে এবং ১২ জুন পর্যন্ত চলবে। এই অভিযানের লক্ষ্য কৃষকদের মধ্যে আধুনিক প্রযুক্তি এবং নতুন বীজের জাত সম্পর্কে সচেতনতা তৈরি করা। আজ নতুনদিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে ভাষণ দিতে গিয়ে শ্রী চৌহান বলেন, এই অভিযানটি দেশের ৭২৩টি জেলায় চলবে এবং প্রায় দেড় কোটি কৃষকের কাছে পৌঁছাবে।

######Byte-Shivraj Singh Chouhan######

কেন্দ্রীয় কৃষিমন্ত্রীর পৌরহিত্যে আজ বিভিন্ন রাজ্যের কৃষি মন্ত্রীদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক হয়। এই বৈঠক শেষে রাজ্যের কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানান, কৃষিজ উৎপাদন বৃদ্ধি করা, কৃষকদের আয় ও শস্য ভান্ডার বৃদ্ধি করা, খাদ্য সুরক্ষা নিশ্চিত করা, কৃষিতে ব্যয় হ্রাস করা, খাদ্য নিরাপত্তা, কোন বীজ ভালো এবং কোন সার কৃষকদের ব্যবহার করা উচিত - সংশ্লিষ্ট বিষয় নিয়ে এই বিকশিত কৃষি সংকল্প অভিযানে প্রচার করা হবে।

কৃষিমন্ত্রী আরও জানান, এবছর দেশে রেকর্ড সংখ্যক কৃষিজ সামগ্রী উৎপাদন হয়েছে। এই উৎপাদনের পরিমাণ আরও বৃদ্ধি করা হবে। বিকশিত কৃষি সংকল্প অভিযান সফল করার জন্য রাজ্যভিত্তিক এবং জেলাভিত্তিক সমন্বয় কমিটি গঠন করা হবে। সমন্বয় কমিটিগুলিতে আই.সি.এ.আর এবং কৃষি বিজ্ঞান কেন্দ্রের কৃষি বিজ্ঞানীদেরও রাখা হবে। তিনি জানান, রাজ্যে প্রায় সবকটি গ্রাম পঞ্চায়েত ও ভিলেজ কমিটিতে বিকশিত কৃষি সংকল্প অভিযানের আয়োজন করা হবে।

***********************************

**Tiranga Yatra :**

দেশের বীর সেনাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে আজ বিজেপি'র বড়দোয়ালী মন্ডলের উদ্যোগে তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, বিধায়ক ভগবান চন্দ্র দাস, মন্ডল সভাপতি শ্যামল কুমার দেব, কর্পোরেটর রত্না দত্ত প্রমুখ।

****************************

**Minister Sudhangshu Das :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ ঊনকোটি জেলার ফটিকরায়ের গোকুলনগর প্রাথমিক কৃষি সমবায় সমিতির বার্ষিক সাধারণ সভার উদ্বোধন করেন। সভায় বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব পেশ সহ ভবিষ্যৎ কর্মধারা নিয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়। বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, সমবায় দপ্তরের পরিদর্শক কর্তা মোহন ত্রিপুরা প্রমুখ।

****************************

**Congress Press Meet :**

প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর মৃত্যু দিবসকে জাতীয় সন্ত্রাসবাদ বিরোধী দিবস হিসাবে পালন করার উদ্যোগ নিয়েছে অল ত্রিপুরা আনঅর্গানাইজড ওয়ার্কারস কংগ্রেস। সংগঠনের রাজ্য চেয়ারম্যান শান্তনু পাল আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে জানান, এই উপলক্ষে আগামী ২১ এবং ২২শে মে দুদিনব্যাপী বিভিন্ন কর্মসূচী নেওয়া হয়েছে। আগামী ২১শে মে সন্ধ্যায় সন্ত্রাসবাদ দমনে রাজীব গান্ধীর ভূমিকা এবং তার আত্মজীবনীর উপর আলোচনার পাশাপাশি আগরতলা শহরে মশাল মিছিল সংঘটিত করা হবে। তাছাড়া ২২শে মে অনুষ্ঠিত হবে অল ত্রিপুরা আনঅর্গানাইজড ওয়ার্কারস কংগ্রেসের সম্মেলন। উপস্থিত থাকবেন অল ত্রিপুরা আনঅর্গানাইজড ওয়ার্কারস কংগ্রেসের চেয়ারম্যান ডাঃ অদিত রাজ, বিধায়ক সুদীপ রায় বর্মন, প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা প্রমুখ।

***************************

**Bal Vivah Mukta Bharat :**

বাল্যবিবাহ রোধ বিষয়ে আজ বিলোনিয়া সার্কিট হাউসে এক বৈঠক অনুষ্ঠিত হয়। জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে বাল্য

বিবাহ রোধে সচেতনতামূলক প্রচার বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করা হয়।

*************************

**NCC Everest :**

আগরতলা বাধারঘাটের অরিত্র রায় মাউন্ট এভারেস্টে আরোহন করে রাজ্যে নজির স্থাপন করেছেন। সিয়াচেন গ্লেসিয়ার অতিক্রম করে আজ সকাল ৭টা ৩১ মিনিটে ২৯ হাজার ফুটেরও বেশি উচ্চতায় মাউন্ট এভারেস্টে সর্বোচ্চ শৃঙ্গে পৌঁছোন তিনি। রাজ্যের যুবক অরিত্র রায় আগরতলার আসাম রাইফেল ময়দান থেকে মাউন্ট এভারেস্ট জয়ের উদ্দেশ্যে ১৫ মার্চ সাইকেলে যাত্রা শুরু করেন। যাত্রাপথে তাঁকে সহযোগিতা করে আসাম রাইফেলস।

**************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় সাই এস টি সি জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় সাই এস টি সি ৬–২ গোলে উমাকান্ত কোচিং সেন্টারকে পরাজিত করে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের ঊনকোটি এবং উত্তর জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। এছাড়া রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার ও সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.২ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে আটটা

থেকে দুপুর আড়াইটা পর্যন্ত আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ৩.৮ মিলিমিটার।

***************************